

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৫২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যার জন্য কিছু চাওয়া হালাল নয় এবং যার জন্য হালাল

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَصَابَتْهُ فَاقَةٌ فَأَنْزَلَهَا بِاللَّه أُوشُك الله لَهُ بالغنى إِمَّا بِمَوْتٍ عَاجِلٍ أَوْ غِنًى إِلنَّاسِ لَمْ تُسَدَّ فَاقَتُهُ. وَمَنْ أَنْزَلَهَا بِاللَّه أُوشُك الله لَهُ بالغنى إِمَّا بِمَوْتٍ عَاجِلٍ أَوْ غِنًى آجِلٍ» . رَوَاهُ أَبُو دَاؤُد وَالتِّرْمِذِيِّ

বাংলা

১৮৫২-[১৬] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কঠিন অভাবে জর্জরিত, সে মানুষের সামনে প্রয়োজন পূরণের ইচ্ছা প্রকাশ করলে এ অভাব দূর হবে না। আর যে ব্যক্তি তার অভাবের কথা শুধু আল্লাহর কাছে বলে, আল্লাহই তার জন্য যথেষ্ট। হয় তাকে তাড়াতাড়ি মৃত্যু দিয়ে অভাব থেকে মুক্তি দিবেন অথবা তাকে কিছু দিনের মধ্যে ধনী বানিয়ে দেবেন। (আবূ দাউদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৬৪৫, আত্ তিরমিয়ী ২৩২৬, মুসতাদরাক লিল হাকিম ১৪৮২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৮৬৯, শারহুস্ সুন্নাহ্ ৪১০৯, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ২৭৮৭, সহীহ আল জামি' আস্ সগীর ৬০৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি অভাবে পতিত হওয়ার পর তা মানুষের নিকট তুলে ধরবে বা মানুষের ওপরে ভরসা করবে, তার অভাব কোনদিনই দূর করা হবে না বরং অভাবের উপরই বিদ্যমান থাকবে। আর যদি কোন সময় কোন অভাব থেকে মুক্ত করা হয়, মানুষের ওপর নির্ভর করার কারণে তার চেয়েও কঠিন অভাবে তাকে পেয়ে বসবে। আর যে ব্যক্তি অভাবের বিষয়টি আল্লাহর নিকট তুলে ধরবে আল্লাহ তাকে অবশ্যই অভাব মুক্ত করবেন দ্রুত তার মৃত্যুর দ্বারা অথবা সম্পদ দ্বারা। যেমন আল্লাহ বলেছেন, অর্থাৎ "তারা যদি দরিদ্র হয় তাহলে আল্লাহ স্বীয় প্রাচুর্য দ্বারা তাদেরকে অভাব মুক্ত করে দিবেন"- (সূরাহ্ আন্ নূর ২৪: ৩২)।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন